গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# হাকিমপুর পৌরসভা কার্যালয়

হাকিমপুর, দিনাজপুর

www.pourashava.hakimpur.dinajpur.gov.bd

স্মারক নং-দিনাজ/হাকিম/হাঃপৌঃসঃ/২০২৬/৯৩ তারিখঃ ২০ জৈষ্ঠ ১৪৩৩ / ০৩ জুন ২০২৬

## প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণ ও কাঠ ব্যবসায়ী বা আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখা এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৬৫.১৪(অংশ-১)/২৩৮ তাং- ০৭ মে ২০২৬খ্রি. অনুমোদন পত্র মোতাবেক হাকিমপুর পৌরসভার মালিকানাধীন নিম্নোক্ত ০৩টি রাস্তা পুনর্নির্মাণ, ড্রেন এবং স্টিট লাইট নির্মাণে লক্ষ্যে মোট ৯৮টি বিভিন্ন প্রজাতির জীবিত গাছ নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য আগামী ১৪-০৬-২০২৬খ্রি. তারিখে রোজ-রবিবার,সকাল ১১.০০ টায় হাকিমপুর পৌরসভা সভাকক্ষে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত নিলাম ডাকে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধি স্বশরীরে উপস্থিত থেকে প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। নিলাম ডাকের পূর্বে লট পরিদর্শন করার সুযোগ রয়েছে।

| লট নং | লট/ রাস্তার নাম | গাছের সংখ্যা |
|---|---|---|
| ১ | হাসপাতাল মোড় কালি মন্দির হতে হিলি ঘোড়াঘাট মেইন রাস্তা পর্যন্ত রাস্তার পাশে (ইউক্যালিপটাস, আম. শিশু ও কাঠাল গাছ) | ৩১টি |
| ২ | ছোট ডাঙ্গাপাড়া মাদ্রাসা হতে বৈগ্রাম পর্যন্ত (আকাশমনি) | ৩৫টি |
| ৩ | ইসমাইলপুর মোড় হতে ইসমাইলপুর ব্রীজ পর্যন্ত (ইউক্যালিপটাস, আম. ও শিশু গাছ) | ৩২টি |

শর্তাবলী-

১. নিলামকারীকে স্বশরীরে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে ।
২. নিলাম ডাকের সময় জামানত হিসাবে ১০,০০০/= (দশ হাজার) টাকা (ফেরতযোগ্য) জমা দিতে হবে।
৩. নিলাম ডাককৃত মুল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ১৫% ও আয়কর ১০% সরকারী কোষাগারে জমা দিতে হবে।
৪. সর্বোচ্চ ডাকারীর দর অনুমোদন পরবর্তী ০১(এক) কার্য দিবসের মধ্যে সমুদয় টাকা জমা প্রদান করতে হবে।
৫. নিলাম ডাকের সাত দিনের মধ্যে রাস্তার ক্ষতিসাধন না করে গাছ কেটে নিতে হবে।
৬. গাছ কাটার সময় জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।
৭. কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩/০৬/২০২৬

মোছাঃ তানজিনা খাতুন
প্রশাসক
হাকিমপুর পৌরসভা, দিনাজপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে

১। বিভাগীয় কমিশনার, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, দিনাজপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হাকিমপুর থানা, দিনাজপুর।
৬। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।
৭। প্রেস ক্লাব, হাকিমপুর, দিনাজপুর।
৮। নোটিশ বোর্ড ।